স্বাধীনতা এখন পুষ্টিহীনতায় ভুগছে -মুক্তিযোদ্ধা আবুল কাশেম

মহান মুক্তিযুদ্ধের মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ভাস্কর্য ভাঙ্গচুরের বিরুদ্ধে মুক্তিযোদ্ধা ও সন্তানদের নিয়ে মানববন্ধন ও আলোচনা সভা পালন করেছে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধাগন।

সোমবার সকালে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের সামনে মুক্তিযোদ্ধা ও তাদের সন্তানদের নিয়ে এই মানববন্ধন অনুষ্ঠিত হয় ।

মানববন্ধনে মেহেরপুর জেলার সাবেক জেলা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেমে বলেন, স্বাধীনতার প্রায় ৫০ বছর পর এই ধরনের ঘটনা ঘটল তাহলে স্বাধীনতা কি পুষ্টিহীনতায় ভুগছে?

নাকি আমাদের আবার অস্ত্র হাতে নিয়ে এই পুষ্টিহীন স্বাধীনতা কে রক্ষা করতে হবে। আর এই পুষ্টিহিনতায় ভুগার কারন, রাজাকার-আলবদর, আল সামস, আর মুক্তি যোদ্ধাদের এক সাথে বসবাস। জননেত্রী শেখ হাসিনা যেমন আমাদের শ্রেষ্ঠ সন্তান বানিয়েছেন ঠিক তেমনই রাজাকারদের তালিকা প্রকাশ করে জাতীয় বিক্রিত সন্তান হিসেবে ঘোষনা দিবেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা কমান্ডার আজিজুল হক, সাবেক দপ্তর সম্পাদক আব্দুল মাজেদ, সাবেক মেহেরপুর জেলা কমিটির সদস্য মইনউদ্দিন, পিরোজপুর ইউনিয়ন কমান্ডার ইদ্রিস আলী, সাবেক মুজিবনগর উপজেলা কমান্ডার লুৎফর রহমানসহ মেহেরপুর জেলার বীর মুক্তিযোদ্ধা গন উপস্থিত ছিলেন।

গাংনীতে কিশোরের ডাক’র উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনী এতিমখানায় এতিমদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করেছে “কিশোরের ডাক” নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠন।

গতকাল সোমবার সকাল ১০ টার দিকে ২৮ জন শিশু কিশোরের মাঝে এ অনুসঙ্গ বিতরণ করা হয়।

সংগঠনের সভাপতি আব্দুল্লাহ আল নোমানের সভাপতিত্বে অতিথি ছিলেন গাংনী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হান্নান, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, মেহেরপুর প্রতিদিন যুগ্ম-সস্মাদক আল-আমিন, তোফায়েল হোসেন ও রফিকুল ইসলাম বকুল।

এ সময় গাংনী এতিমখানা সুপারিনটেনডেন্ট মিজানুর রহমান, সহকারী শিক্ষক হাফেজ তাওহিদুল ইসলাম, মাঠ সহকারী আব্দুল খালেক, নিবাসীদের খেদমতকারী আব্দুল মোমিন ও কিশোরের ডাক সংগঠনের ফয়সাল মাহমুদ, মেহনাজ সিদ্দিকী, ঈষাণ ও রাতুল হাসান আপনসহ এতিমখানার শিশু কিশোররা উপস্থিত ছিলেন।

ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ

জাতির জনকের ভাস্কর্য ভাঙচুর ও স্বাধীনতা বিরোধী শক্তির অপপ্রচারের বিরুদ্ধে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছে আওয়ামী লীগ। গতকাল সোমবার বিকালে গাংনী প্রধান সড়কে বিক্ষোভ মিছিল শেষে বাস স্ট্যান্ডে সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তৃতা করেন জেলা আওয়ামী লীগের যুগ্ম-

সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন। বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, যুগ্ম-সম্পাদক নাজমুল হুদা, সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান সেলিনা মমতাজ কাকলী, পৌর আ.লীগ সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, আওয়ামী লীগ নেতা আক্তারুজ্জামান বাবু, যুব মহিলা লীগের কেন্দ্রী নেত্রী শাহানা ইসলাম শান্তনা,

জেলা আ.লীগের ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, রাইপুর ইউনিয়ন আ.লীগ সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মোকলেছ, উপজেলা ছাত্রলীগ সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌল ছাত্রলীগ সভাপতি ডালিম রানাসহ নেতৃবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা আ.লীগ সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান।

দামুড়হুদায় ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ সম্পন্ন

দামুড়হুদায় ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে বিজ্ঞান মেলা সম্পন্ন হয়েছে। সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ অডিটরিয়মে মেলাটি সম্পন্ন হয়।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর আয়োজনে এ মেলা উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্টিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আলি মুনছুর বাবু, বিশেষ অতিথি ছিলেন উপজেলা ম্যাধমিক শিক্ষা কর্মকর্তা আ:মতিন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাকি সালাম, একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম।

দিনব্যাপী বিজ্ঞান মেলায় তিনটি গ্রুপে পুরস্কার বিতরণ করা হয়। জুনিয়ন গ্রুপ ১ম স্থান অধিকার করেন দর্শনা কেরু উচ্চ বিদ্যালয়,

২য় স্থান অধিকার করে দামুড়হুদা ব্রাক মাধ্যমিক বিদ্যালয়, ৩য় স্থান অধিকার করে দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল। সিনিয়র গ্রুপে ১ম স্থান অধিকার করে দর্শনা

সরকারি কলেজ, ২য় স্থান অধিকার করে দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজ, ৩য় স্থান অধিকার করে কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজ। বিশেষ গ্রুপে নির্বাচিত হয় দামুড়হুদা উপজেলা শিক্ষা বিভাগ।

উপস্থিত বক্তিতায় জুনিয়র গ্রুপ ১ম স্থান অধিকার করে কেরু উচ্চ বিদ্যালয়ের তাসলিম লাবিব, ২য় স্থান অধিকার করে রিফাত রহমান, ৩য় স্থান অধিকার করে ব্রাক মাধ্যমিক বিদ্যালয়ের নাজনিন আক্তার।

সিনিয়র গ্রুপের ১ম স্থান অধিকার করে দর্শনা সরকারি কলেজের নাসিম পারভেজ, ২য় স্থান অধিকার করে কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজের রতন রহমান, ৩য় স্থান অধিকার করে দর্শনা সরকারি কলেজের খাইরুল আলম।

মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১১টি স্টল অংগ্রহণ করে।

তদন্ত শুরুর আগেই হতে যাচ্ছে তদন্ত কর্মকর্তার পরিবর্তন

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্লিনিকে রোগী মৃত্যুর ঘটনায় গঠিত তদন্ত কমিটির তদন্ত শুরুর আগেই পরিবর্তন হতে যাচ্ছে তদন্ত কর্মকর্তা। তদন্ত কমিটিতে পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম ।

সম্প্রতি কোটচাঁদপুরে একটি ক্লিনিকে ডাক্তার ফাহিমের হাতে সিজারিয়ান অপারেশনে প্রসূতি মারা যায়। এ ছাড়া আরো দুইটি ক্লিনিকে ওই ডাক্তারের দ্বারা একই অপারেশন করে রোগীরা আর্থিক ভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। বিষয়টি নিয়ে বেশ কয়েকটি পত্রিকায় ধারাবাহিক ভাবে সংবাদ প্রকাশিত হয়।

এ ঘটনাটি ঝিনাইদহের সিভিল সার্জন গুরুত্বের সঙ্গে নিয়ে গেল সপ্তাহে একটি তদন্ত কমিটি গঠন করেন। যার প্রধান করেন কোটচাঁদপুর

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদকে। এর মধ্যে স্বজন প্রীতির অভিযোগ ওঠে ডাক্তার আব্দুর রশিদের বিরুদ্ধে। বিষয়টি বিভিন্ন মাধ্যমে জানতে পেরে সিভিল সার্জন কমিটির প্রধানকে পরিবর্তনের কথা ভাবছেন বলে জানান।

কথা হয় তদন্ত কমিটির প্রধান ও কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের সঙ্গে তিনি বলেন, আমি তদন্ত কমিটি থেকে ইস্তফা দিয়েছি।

এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম জানান, সাংবাদিকসহ অন্যান্য মাধমে জানতে পারলাম ডাক্তার আব্দুর রশিদ অভিযুক্ত ডাক্তার ফাহিমের বন্ধু। এ কারণে তদন্তে ব্যাঘাত হতে পারে, ফলে কমিটি পরিবর্তনের কথা ভাবছি।

ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে কোটচাঁদপুরে আ.লীগের বিক্ষোভ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরকারী জঙ্গী ও সন্ত্রাসীদের দ্রুত গ্রেফতার এবং শাস্তির দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে উপজেলা আ.লীগের আয়োজনে এই প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল করা হয়।

ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চলের নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মেইন বাজারে শেষ হয়।

পরে শহরের পায়রা চত্বরে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান

আলী, উপজেলা আ.লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম প্রমুখ।

এসময় উপজেলা আ.লীগ ও অঙ্গসংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনা কেরু চিনিকলের শ্রমিক ও আখ চাষীদের কর্মবিরতি

দেশের ১৫টি রাষ্ট্রায়ত্ত চিনিকলের লোকসানের বোঝা কমাতে ৬টি চিনিকল বন্ধের প্রতিবাদে দর্শনা কেরু চিনিকলের শ্রমিক-কর্মচারী ও আখ চাষীরা কর্মবিরতি ও সমাবেশ পালন করেছে।

গতকাল সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত কেরু এ্যান্ড কোম্পানীর ডিষ্ট্রিলারীর গেটের সামনে এ কর্মবিরতি ও সমাবেশ করেন।

বাংলাদেশ খাদ্যশিল্প করপোরেশন দেশের ৬টি চিনিকল বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এসব চিনিকলগুলোর মধ্যে রয়েছে কুষ্টিয়া, পাবনা, রংপুর, পঞ্চগড় শ্যামপুর ও সেতাবগঞ্জ।

চলতি আখ মাড়াই মৌসুমে চিনিকল বন্ধের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে বাংলাদেশ চিনিশিল্প করপোরেশন শ্রমিক কর্মচারী ও আখচাষী ফেডারেশনের যৌথ উদ্যোগে আন্দোলনে নেমেছে।

সোমবার সকাল ৯টা থেকে কেরু চিনিকলের শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলীর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, আখ চাষী নেতা আব্দুল বারী, শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি হাফিজুর রহমান, মনিরুল ইসলাম প্রিন্স, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন, শ্রমিক নেতা ফিরোজ আহম্মেদ সবুজ, মেম্বর বাবর আলী প্রমুখ।

বক্তারা ১৫টি চিনিকল উন্নয়ন করে চালু করার দাবী করেন। এছাড়া

আগামী ৯ ডিসেম্বর স্ব-স্ব এলাকায় জেলা প্রশাসক, উপজেলা নিবার্হী বরাবর, স্মারকলিপি পেশ করার কথা জানান। আগামী ১৫ ডিসেম্বর আসন্ন মাড়াই মৌসুমে ৯টি চালু ও ৬টি মিল বন্ধের আত্মঘাতী সিন্ধান্ত বাতিল ও প্রত্যাহারের দাবী জানিয়ে বলেন, অন্যথায় সকল মিল বন্ধ, রেলপথ, সড়কপথ অবরোধসহ নানা কর্মসূচি গ্রহণ করা হবে বলে বক্তারা জানান।

দুই অসহায়ের চিকিৎসার দায়িত্ব নিলেন কালীগঞ্জের মেয়র

চিকিৎসার অভাবে মৃত্যুর কোলে ঢলে পড়ছিলেন এক আওয়ামী লীগ কর্মী। খবর পেয়ে চিকিৎসার খরচের ব্যবস্থা করেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ।

উপজেলার ফয়লা গ্রামের অসুস্থ শরিফুল ইসলাম পেশায় ছিলেন কলারম্যান। ক’দিন আগেই স্ট্রোক করে প্যারালাইজড হয়ে পড়ে আছেন। কাজকর্ম কিছুই করতে পারেন না। তার চিকিৎসার জন্য নগদ ১০ হাজার টাকা প্রদান করেন মেয়র আশরাফ। এছাড়াও চিকিৎসার জন্য যাবতীয় খরচ তিনি বহন করবেন বলেও জানান।

এদিকে, মেয়ের চিকিৎসার খরচ নিয়ে দুশ্চিন্তায় ছিলেন ভ্যানচালক বাবা। চিকিৎসার জন্য নিজের ভ্যানটাও বিক্রি করে দিয়েছেন। শেষে মানুষের কাছে হাত পেতে ওষুধ কিনতে হচ্ছে। কিন্তু একমাত্র মেয়ে রুম্পার চিকিৎসা নিয়ে হতাশায় ভুগছিলেন বাবা আনোয়ার হোসেন।

এসব ঘটনা শুনে কালীগঞ্জ উপজেলা বাকুলিয়া গ্রামের আনোয়ার হোসেনের একমাত্র মেয়ে রুম্পার চিকিৎসার জন্য পাশে দাঁড়িয়েছেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ।

রুম্পার চিকিৎসার জন্য নগদ ১০ হাজার টাকা ও ঢাকায় পাঠানোর জন্য এ্যাম্বুলেন্সের ব্যবস্থা করেছেন। এছাড়াও রুম্পার চিকিৎসার জন্য তিনি সবসময় পাশে থাকবেন বলে জানিয়েছেন।

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার ২ নং ওয়ার্ডের বাকুলিয়া গ্রামের ভ্যানচালক আনোয়ার হোসেনের একমাত্র মেয়ে রুম্পা (১১)। শ্রীরামপুর সঃ প্রাঃ বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির মেধাবী ছাত্রী।

চিকিৎসকরা জানান, রুম্পার ডিম্বাশয়ে টিউমার। দ্রুত অপরাশেন না করালে রুম্পাকে বাঁচানো সম্ভব হবে না। অপারেশনে খরচ হবে প্রায় ৩ লক্ষ টাকা। টিউমার যত বড় হবে রক্ত চলাচল বন্ধ হয়ে যাবে। ইতোমধ্যে রুম্পার একটা পা পঙ্গু হয়ে গেছে।

রুম্পার বাবা আনোয়ার হোসেন জানান, একমাত্র মেয়ের চিকিৎসা করাতে গিয়ে আয়ের শেষ সম্বল ভ্যানটাও বিক্রি করে দিয়েছেন। এখন রাজ মিস্ত্রির যোগালের কাজ করেন। এখান থেকে যা আয় হয় সেটা দিয়েই সংসার খরচ ও মেয়ের চিকিৎসায় খরচ করেন।

কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ জানান, শিশু রুম্পার জন্য তিনি নগদ ১০ হাজার টাকা ও ঢাকায় চিকিৎসার জন্য এ্যাম্বুলেন্সে পাঠানোর ব্যবস্থা করেছেন।

এছাড়াও রুম্পার অপারেশনে সবসময় তিনি পাশে থাকবেন। অসুস্থ আওয়ামী লীগ কর্মী শরিফুল ইসলামকে চিকিৎসার জন্য নগদ টাকা ও যাবতীয় খরচ তিনি বহন করবেন।

হরিণাকুণ্ডুতে বিপ্লবী বাঘা যতীনের ১৪০তম জন্মবার্ষিকী পালিত

শ্রদ্ধার্ঘ নিবেদন, বিপ্লবী বীরের জীবন ইতিহাস নিয়ে আলোচনা সভাসহ নানা আয়োজনে ঝিনাইদহের হরিণাণ্ডুতে পালিত হয়েছে বিপ্লবী বাঘা যতীনের ১৪০তম জন্মবার্ষিকী।

তৎকালীন ভারতবর্ষে ব্রিটিশ বিরোধী আন্দোলনের সশস্ত্র দলের প্রধান বিপ্লবী বীর যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (বাঘা যতীন) এর ১৪০ তম জন্মবার্ষিকী উপলক্ষে সোমবার সকালে উপজেলার দৌলতপুর

ইউনিয়নের রিশখালী গ্রামে তার পৈত্রিক ভিটা প্রাঙ্গণে ‘বাঘা যতীন একাডেমি’র উদ্যোগে কর্মসূচি পালিত হয়েছে।

বিপ্লবী এই বীরের স্মৃতিচারণমূলক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা প্রশাসক ও বাঘা যতীন একাডেমির সভাপতি সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, সহকারী কমিশনার (ভূমি) রাজিয়া সুলতানা চৌধুরী, একাডেমীর সাধারণ সম্পাদক ও জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সরোয়ার জাহান বাদশা, দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান মোহাম্মদ আলী প্রমুখ বক্তব্য রাখেন।

প্রধান অতিথি বলেন, উপমহাদেশের বিপ্লবী এই বীরের বীরত্বের ইতিহাসের সাথে নতুন প্রজন্মকে পরিচয় করিয়ে দেওয়া আমাদের দায়িত্ব। এছাড়া তার স্মৃতি রক্ষার্থে একাডেমির ভবন নির্মাণসহ নানা উদ্দ্যোগ নেওয়া হচ্ছে বলেও তিনি জানান।

দামুড়হুদায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে গরু ব্যাবসায়ী মৃত্যু

দামুড়হুদায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ছাবের আলী মোল্লা (৪০) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন।

সোমবার সকাল ১১টার দিকে দামুড়হুদা উপজেলার ডুগডুগি গরুর হাটের কাছে ওই দুর্ঘটনাটি ঘটে। মৃত ছাবের আলী মোল্লা চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কেষ্টপুর গ্রামের লিয়াকত আলী মোল্লার ছেলে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, সোমবার সকালে গরু ক্রয়ের জন্য ব্যাটারি চালিত আটোরিকশা যোগে ডুগডুগি পশু হাটে যান ছাবের আলী মোল্লা। পশু হাটে পৌঁছালে অটোরিকশা থেকে নামার সময় বিপরীত দিক

থেকে আসা একটি ট্রাক অটোতে ধাক্কা দেয়। এতে তিনি ছিটকে পড়ে ট্রাকের পিছনের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলে তিনি নিহত হন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়।

চুয়াডাঙ্গায় সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা: মাহবুবুর রহমান বলেন, হাসপাতালে নেয়ার আগেই ছাবের আলী মোল্লা মারা যায়।

দামুড়হুদা মডেল থানা ওসি আঃ খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।